

একলা ব'সে হেরো তোমার ছবি এঁকেছি আজ বাসন্তী রঙ দিয়া ।
 খোঁপার ফুলে একটি মধুলোভী মৌমাছি ওই গুঞ্জরে বন্দিয়া ॥
 সমুখ-পানে বালুতটের তলে শীর্ণ নদী শ্রান্তধারায় চলে,
 বেণুচ্ছায়া তোমার চলাঞ্চলে উঠিছে স্পন্দিয়া ॥
 মগ্ন তোমার স্নিগ্ধ নয়ন দুটি ছায়ায় ছন্ন অরণ্য-অঙ্গনে,
 প্রজাপতির দল যেখানে জুটি রঙ ছড়ালো প্রফুল্ল রঙ্গনে ।
 তপ্ত হাওয়ায় শিথিলমঞ্জরী গোলকচাঁপা একটি দুটি করি
 পায়ের কাছে পড়ছে ঝরি ঝরি তোমারে নন্দিয়া ॥
 ঘাটের ধারে কম্পিত ঝাউশাখে দোয়েল দোলে সঙ্গীতে চঞ্চলি,
 আকাশ ঢালে পাতার ফাঁকে ফাঁকে তোমার কোলে সুবর্ণ-অঞ্জলি ।
 বনের পথে কে যায় চলি দুরে— বাঁশির ব্যথা পিছন-ফেরা সুরে
 তোমায় ঘিরে হাওয়ায় ঘুরে ঘুরে ফিরিছে ক্রন্দিয়া ॥

Parjaay: Prem, Taal: Dadra, Raag: Khambaj

Visit www.geetabitan.com for notation and other detail